# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রতিরক্ষা মন্ত্রণালয়

ডি-৯ অধিশাখা

www.mod.gov.bd

# নিয়োগ বিজ্ঞপ্তি

নং-২৩.০০.০০০০.০৯০.১১.৪১.২০২০-৮১

তারিখ : ১১ ফাল্গুন ১৪২৭
২৪ ফেব্রুয়ারি ২০২১

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর এর এমইও অফিসসমূহের রাজস্ব খাতভুক্ত ১০ম গ্রেডের নিম্নবর্ণিত স্থায়ী শূন্যপদসমূহ পূরণের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্র/নং | পদের নাম | গ্রেড নং | জাতীয় বেতন স্কেল-২০১৫ | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১। | উপসহকারী প্রকৌশলী (সিভিল) | ১০ | ১৬০০০-৩৮৬৪০ | ০১ | কোনো স্বীকৃত বোর্ড হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং |
| ২। | সাব ডিভিশনাল অফিসার (এসডিও) | ১০ | ১৬০০০-৩৮৬৪০ | ০৪ | কোনো স্বীকৃত বোর্ড হতে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ডিপ্লোমা-ইন-সিভিল ইঞ্জিনিয়ারিং |

**শর্তাবলী**

১। প্রার্থীর বয়স ৩১/০৩/২০২১ খ্রি. তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী :**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dmlc.teletalk.com.bd ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত বিস্তারিত তথ্য ও নিয়মাবলী http://dmlc.teletalk.com.bd, www.mod.gov.bd ও www.dmlc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০১/০৩/২০২১ খ্রি. সকাল ১০.০০টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ৩১/০৩/২০২১ খ্রি. বিকাল ০৫.০০টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে যে কোন টেলিটক প্রি-পেইড নম্বর থেকে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online-এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ সার্ভিস চার্জসহ ৫৬০/- (পাঁচশত ষাট) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না'।**

প্রথম SMS : DMLC<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DMLC ABCDEF

Reply: Applicant's Name, Tk-560/-will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DMLC<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS : DMLC<space>YES<Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example : DMLC YES 12345678

Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DMLC Application for <post name> User ID is (ABCDEF) and password (XXXXXX).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dmlc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে DMLC<space>Help<space>User<space>User ID Send to 16222.
Example: DMLC HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN Number জানা থাকলে : DMLC<space>Help<space> PIN<space>PIN NO & Send to 16222.
Example: DMLC HELP PIN 12345678 & Send to 16222

৩। চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করে আবেদন করতে হবে এবং উক্ত অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

৪। মৌখিক পরীক্ষার সময় অবশ্যই সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

৫। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক/ভ্রমণ ভাতা প্রদান করা হবে না।

৬। আবেদনকারী মুক্তিযোদ্ধার/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৭। নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য সরকারের প্রচলিত সর্বশেষ বিধি-বিধান অনুসরণ করা হবে।

৮। কর্তৃপক্ষ উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

৯। নিয়োগ সংক্রান্ত এ বিজ্ঞপ্তির সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

**মোহাম্মদ নাজমুল হক**
উপসচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ প্রদান বিষয়ক কমিটি

আইএসপিআর/বিবিধ/১০১
২৫/০২/২১

ডিজি-৪৫০/২১ (১০"×৪)